



36733 - কেরবানীর পশু জবাই করার সময় কি বলবে?

প্রশ্ন

কেরবানীর পশু জবাই করার সময় পড়তে পারি এমন কোন সুন্নিদৃষ্টি দোয়া আছে কি?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

যে ব্যক্তি কেরবানীর পশু জবাই করতে চান তার জন্য নমিনোক্ত দোয়া পড়া সুন্নত:

بِسْمِ اللَّهِ ، وَاللَّهُ أَكْبَرُ ، اللَّهُمَّ هَذَا مِنْكَ وَكَ ، هَذَا عَنِي اللَّهُمَّ تَقَبَّلْ مِنْ فُلَانٍ وَآلِ فُلَانٍ

(বসিমল্লাহ্। ওয়াল্লাহু আকবার। আল্লাহুম্মা হাযা মনিকা, ওয়া লাকা। হাযা আন্নি। আল্লাহুম্মা তাকাব্বাল মনি ... ওয়া আলি ...)[ডট দোয়া স্থানদ্বয়ে কেরবানীকারীর নাম উল্লেখ করবে]

(অর্থ- আল্লাহর নামে শুরু করছি। আল্লাহই মহান। হে আল্লাহ, এটি আপনার পক্ষ থেকে; আপনারই জন্য। এটি আমার পক্ষ থেকে উৎসর্গতি (আর অপর পক্ষ থেকে হলে বলবে: অমুক পক্ষ থেকে)। হে আল্লাহ, অমুক ও তার পরিবারের পক্ষ থেকে কবুল করুন।)

এই দোয়ার মধ্যে শুধু 'বসিমল্লাহ্' বলা ওয়াজবি। বসিমল্লাহ্ এর অতিরিক্ত যে কথাগুলো আছে সেগুলো বলা মুস্তাহাব; ওয়াজবি নয়।

ইমাম বুখারী (৫৫৬৫) ও ইমাম মুসলিম (১৯৬৬) আনাস (রাঃ) থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন: “নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সাদাকালো ডোরাকাটা লম্বা শিংওয়ালা দুইটি দুম্বা দিয়ে কেরবানী দিচ্ছেন। তিনি দুম্বার ঘাড়ের পার্শ্বদেশে উপর পা রেখে ‘বসিমল্লাহ্’ ও ‘আল্লাহু আকবার’ বলে নজি হাতে জবাই করছেন।”

সহিহ মুসলিম (১৯৬৭) আয়শো (রাঃ) থেকে বর্ণিত হয়েছে যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একটিলম্বা শিংওয়ালা দুম্বা আনার নির্দেশে দিলেন। কেরবানী করার জন্য দুম্বাটি আনা হল। তখন তিনি আয়শোকে বললেন: আয়শো, ছুরটি নিয়ে আস। এরপর বললেন: পাথর দিয়ে ছুরটি ধার দাও। আয়শো ধার দিলেন। এরপর তিনি ছুরটি নিলেন এবং দুম্বাটিকে ধরে শোয়ালেন। এরপর ‘বসিমল্লাহ্; আল্লাহুম্মা তাকাব্বাল মনি মুহাম্মদ, ওয়া আল মুহাম্মদ, ওয়া মনি উম্মাতি



মুহাম্মদ' বলতে পশুটিকে জবাই করা শুরু করলেন এবং কেরবানী দলিলে”।

ইমাম তরিমযি (১৫২১) জাবরে বনি আব্দুল্লাহ্ (রাঃ) থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন: আমনিবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে ঈদুল আযহা উপলক্ষ্যে ঈদগাহে উপস্থিতি হলাম। তিনি খোতবা শেষে করে মম্বির থেকে নামে আসলেন। এরপর দুম্বা আনা হল। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নিজ হাতে পশুটিকে জবাই করলেন। তিনি বলেন: বসিমল্লাহ্, ওয়া আল্লাহু আকবার, হায়া আননি ওয়া আম্মান লাম ইউয়াহ্হি মনি উম্মাতি (অর্থ- আল্লাহর নামে শুরু করছি। আল্লাহই মহান। এটি আমার পক্ষ থেকে এবং আমার উম্মতের মধ্যে যারা কেরবানী করতে পারেনি তাদের পক্ষ থেকে)। [আলবানী 'সহিহুত তরিমযি' গ্রন্থে হাদিসটিকে সহিহ আখ্যায়তি করছেন]

কোন কোন রওয়ায়তে 'আল্লাহুম্মা ইন্না হায়া মনিকা ওয়া লাকা' (হে আল্লাহ, এটি আপনার পক্ষ থেকে এবং আপনারই জন্ম) অতিরিক্ত এসছে। [দখুন: ইরওয়াউল গালিলি (১১৩৮ ও ১১৫২)]

“আল্লাহুম্মা মনিকা” (অর্থ- হে আল্লাহ, এটি আপনার পক্ষ থেকে): এ কথার অর্থ হচ্ছে এ কেরবানীর পশুটি আপনারই দান। এ রযিকি আপনার পক্ষ থেকে আমার কাছে পৌঁছেছে।

“ওয়া লাক” (অর্থ- আপনার জন্ম): এ কথার অর্থ হচ্ছে- এটি একনিষ্ঠভাবে আপনারই জন্ম। [দখুন: 'আল-শারহুল মুমত' (৭/৪৯২)]